

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৯০  
খোয়াই, ১৭ মার্চ, ২০২৫

### খোয়াই জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত

আজ খোয়াই জিলা পরিষদের সভাকক্ষে জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। দারিদ্র দূরীকরণ স্থায়ী কমিটির সভাপতি রংমা শুল্কবৈদ্যের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহরায় (দন্ত), সহ সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বৈঠকে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের আধিকারিক জানান, চলতি বছরের ১৬ মার্চ পর্যন্ত জলজীবন মিশনে তেলিয়ামুড়া রুক এলাকায় ১৬,৮৪৬টি, কল্যাণপুর রুক এলাকায় ১০,০৮৬টি, মুঙ্গিয়াকামী রুক এলাকায় ৫, ১৮৮টি, খোয়াই রুক এলাকায় ১২,০৩৮টি, পদ্মবিল রুক এলাকায় ৮,৫৭২টি, তুলাশিখর রুক এলাকায় ৯,৩৩৩টি পরিবারে পানীয়জলের সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া জেলার ৪৬০টি বিদ্যালয়ে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। দপ্তরের আধিকারিক জানান, খোয়াই জেলার বিভিন্ন স্থানে মোট ৩৫০টি আয়রন রিমুভ্যাল প্ল্যান্ট বসানো হবো মৎস্য দপ্তরের আধিকারিক জানান, খোয়াই জেলায় চলতি অর্থবছরে ৬৮ জন মাছ চাষিকে কর্তৃ, কাতল মাছের রেণু, ৩৫ জন মৎস্য চাষিকে কার্প মাছের রেণু প্রদান করা হয়েছে। এছাড়া ৮৬ জন মাছ চাষিকে পাবদা মাছ চাষের জন্য এবং ৩৮ জন মাছ চাষিকে গলদা চিংড়ি চাষের জন্য সহায়তা প্রদান করা হয়েছে। তিনি জানান, বনাধিকার আইনে পাট্টাপ্রাপক ৪০ জন সুবিধাভোগীকে মাছ চাষের আওতায় আনা হয়েছে। উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের জেলা কার্যালয়ের উপাধিকর্তা সাবেন্দ্র দেববর্মা বৈঠকে জানান, খোয়াই জেলায় আগামী অর্থবর্ষে ৬টি গ্রীণ হাউজ নির্মাণ করা হবে। জেলার বিভিন্ন রুক এলাকায় পলি হাউজ নির্মাণ করা হবে ১০টি।

\*\*\*\*\*